# বাবুগঞ্জ উপজেলার মার্চ/২০২৩ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ : ১৪/০৩/২০২৩ খ্রিঃ ; সময় ঃ ৩:০০ মিনিট।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।**

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, জনাব এইচ.এম আবু সুফিয়ান, গ্রাম- রাকুদিয়া, বাবুগঞ্জ, বরিশাল কর্তৃক দাখিল কৃত বীর মুক্তিযোদ্ধা জনাব আ রব হাওলাদার এর নামে " উত্তর রাকুদিয়া জৈপুরী মাদ্রাসা হতে রাকুদিয়া RHD পর্যন্ত রাস্তার নামকরণ দরখাস্ত দাখিল করা হয়েছে। যার নামে রাস্তার নামকরণ চাওয়া হয়েছে তিনি মুক্তিযুদ্ধ চলাকালীন বেইজ কমান্ডার ছিলেন। রাস্তাটির আই.ডি নং ৫০৬০৩৫০০৬। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | বীর মুক্তিযোদ্ধা জনাব আ রব হাওলাদার এর নামে" উত্তর রাকুদিয়া জৈপুরী মাদ্রাসা হতে রাকুদিয়া RHD পর্যন্ত রাস্তার নামকরণের আবেদন খানা যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |
| স্বাস্থ্য বিভাগ | জনাব ডাঃ সুবাস সরকার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর ভ্যাকসিন সরবরাহ না থাকায় টিকাদান কার্যক্রম আপাততঃ বন্ধ আছে। পরবর্তীতে কোভিড-১৯ ভ্যাকসিন প্রাপ্তি সাপেক্ষে টিকাদান কার্যক্রম চালু হবে। সারা দেশের ন্যায় অত্র উপজেলায়ও সরকারি ঘোষনা অনুযায়ি ২০/০২/২০২৩ খ্রি. তারিখ জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন পালিত হয়েছে। ৬ মাস হতে ৫৯ মাস পর্যন্ত শিশুদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে। এ বারের লক্ষ্যমাত্রা ছিল ২৩০০০। সকলের সার্বিক সহযোগিতায় ৯৮% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ডায়রিয়া সারা বছরের রোগ হলেও প্রতিবছর এপ্রিল ও মে মাসে তীব্র গরমে ইহার প্রাদুর্ভাব বেশী ঘটে। এ জন্য রান্নার কাজে বিশুদ্ধ পানি ব্যবহার করতে হবে। নদী ও পুকুরের পানি ব্যবহার করা যাবে না। স্বাস্থ্য বিধি মানতে হবে ও এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সকলকে সচেতনতা বৃদ্ধির জন্য আহবান করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | এ রোগে মৃত্যুর হার প্রায় ৭০%। কাঁচা খেজুরের রস ও বাদুড়ে কামড়ানো ফল খেলে এ ভাইরাসে আক্রান্ত হওয়ায় ঝুঁকি আছে। কাঁচা খেজুরের রস পান করা এবং বিক্রয় করা যাবে না। সুতারাং এ বিষয়ে সচেতন করা এবং কাঁচা খেজুরের রস পান ও বিক্রয় না করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আইন শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত করোনা ভাইরাসের নমুনা সংগ্রহ করা হয় এবং স্বাস্থ্য কমপ্লেক্সের র‍্যাপিড এন্টিজেন পরীক্ষা করা হয়। বর্তমানে কোভিড-১৯ সংক্রামন কমে আসায় সরকার সকল বিধি-নিষেধ প্রত্যাহার করেছেন। সুতরাং করোনা মোবাবেলায় আমাদেরকে অবশ্যেই মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। | | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খরিখ-১ মৌসুমে ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসাবে ৪৫০ হে. জমিতে আউশ ধান, ৬০০ হে. জমিতে পাট, ৭০০ হে. জমিতে গ্রীস্মকালীন শাক সবজি ও ৫০ হে. জমিতে হলুদ চাষের লক্ষমাত্রা রয়েছে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে এবং কৃষি উপকরণ সহজলভ্য হলে ধান ও তেল ফসল আবাদের লক্ষ্যমাত্রা পুরণ হবে এবং বিগত বছরের তুলনায় ধান ও শাকসবজির আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। এছাড়া চলতি খরিফ-১ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় আউশ ধান ও সার ১০০০ জন এবং পাট বীজ ৫০০ জন চাষীর মধ্যে বিনামূল্যে প্রদান করা হচ্ছে।<br>তিনি আরো জানান যে, এ বছর ইরিগ্রেশন প্রকল্পে কৃষকগণ তাদের আবাসিক বিদ্যুৎ লাইন হতে সেচের লাইন দিয়ে সেচ কার্যক্রম করে থাকেন। ইহা কাম্য নয়। পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ লাইনগুলো বিচ্ছিন্ন করেছেন এবং আমাদেরকে অবহিত করেছেন । এতে বড় ধরনের দূর্ঘটনার সম্ভাবনা ঘটতে পারে মর্মে তারা জানিয়েছেন। তাই বিষয়ে সিদ্ধান্তের জন্য সভাকে অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>আবাসিক বিদ্যুৎ লাইন হতে সেচের লাইন দেয়া যাবে না। পরবর্তীতে ব্লক সিজনের পূর্বেই উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে যে সকল কৃষক সেচ কার্যক্রম পরিচালনা করবেন তাদের তালিকা প্রস্তুত করে জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি-২ মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি কর্মকর্তা ,বাবুগঞ্জ বরিশাল<br>জি এম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, রহমতপুর। |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মাসে বাবুগঞ্জ উপজেলায় ৬৮০ টি গরু ৪০০ টি ছাগলকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ২৮৮০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। উপজেলায় মোট ২৪৪৫ টি গবাদি পশুকে ও ১৩৭৮১ টি হাঁসমুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৮১ টি গাভী কে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নে " ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র" কার্যক্রম চলমান আছে এবং বিভিন্ন সেবা কার্যক্রম চলছে। ভেটেরিনারী | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | হাসপাতাল চত্বরে উন্নত জাতের নেপিয়ার পাকচং-০১ ঘাসের দুইটি প্লট আছে। খামারীদের ঘাসের কাটিং সরবরাহ করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর প্রাণি চিকিৎসা উপকেন্দ্র ও কৃত্রিম প্রজনন পয়েন্ট থাকায় উক্ত ইউনিয়নের সেবা কার্যক্রম সেখান থেকেই প্রদান করা হয়। | | |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি সভায় জানান যে,<br>(ক) দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন খালে, নদীতে অবৈধ জাল ও চরগড়া বেহুন্দি জাল নির্মূলে অভিযান চলমান আছে।<br>(খ) জেলে নিবন্ধন কার্যক্রম চলমান আছে।<br>(গ) মোবাইল কোর্ট/অভিযান চলমান আছে।<br>(ঙ) মৎস্য চাষীদের পরামর্শ প্রদান করা হয়।<br>(চ) জাটকা সংরক্ষণ অভিযান/২০২৩ চলমান আছে।<br>(ছ) জাটকা ধরা থেকে বিরত থাকা জেলেদের ভিজিএফ কর্মসূচি চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল । |
| শিক্ষা বিভাগ | জনাব দিলদার নাহার, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি পালন করে সকল বিদ্যালয়ের সুষ্ঠু ও সুন্দরভাবে কার্যক্রম চলছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের ফেব্রুয়ারি/২৩ মাসের বেতন ভাতাদি যথাযথভাবে প্রদান করা হয়েছে। এছাড়া নব নিয়োগকৃত ৭৫ জন শিক্ষকদের সার্ভিসবহি ও বেতন ভাতাদির কাজ চলমান আছে। | তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমাজসেবা বিভাগ | জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাকিভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,<br>(ক) রোগী কল্যান সমিতির কার্যক্রম চলমান।<br>(খ) মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন সংক্রান্ত কার্যক্রম চলছে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরের ২য় কিস্তির ( জানুয়ারি- মার্চ) অর্থ ছাড় করন। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে পরামর্শ দেয়া হলো। সঠিক সময়ে সমাজসেবা কার্যালয়ে মৃত ভাতাভোগীদের তথ্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বাবুগঞ্জ, বরিশাল জনাব মোঃ সালাম শিকদার সভায় বলেন যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন যে,<br>(ক) মাসিক কৃষি মজুরী হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(খ) কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২ অর্থ বছরের বিভাগীয় সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০২১-২০২২ সনের অডিট ফি বাবদ ২৭৭৬০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ১৫৫১৫/- এবং আদায়ের হার ১০০%। | (ক) ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **আশ্রয়ণ প্রকল্প** ঃ অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমূখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। তবে করোনাকালীন সময়ে আশানুরুপ ঋণ আদায় করা যায়নি। গোয়ালদী-মুন্ডরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৪,৮০,৭৮৫/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৬৯%। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে এ পর্যন্ত ১৫,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এর আদায় হয়েছে ১২,৬০,২৯৬/- টাকা। আদায়ের হার ৭৯%।<br>**দুগ্ধ প্রকল্প** ঃ শতভাগ সরকারি অর্থায়ণে চাঁদপাশা ইউনিয়ন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪ এবং ২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে । এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত আদায় হয়েছে ১২,৬০,২৯৬/- টাকা। আদায়ের হার | | |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩ এর কার্যক্রম চলমান।<br>(খ) ২০২৩ সালের পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণ কার্যক্রম সম্পন্ন ও ২০২৪ সালের পাঠ্যপুস্তকের চাহিদা প্রদান।<br>(গ) সমন্বিত উপবৃত্তি কর্মসূচী, মাননীয় প্রধামন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতায় উপবৃত্তির আবেদনের কার্যক্রম চলমান।<br>(ঘ) আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসি) ভবন স্থাপনের কার্যক্রম চলমান । | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। মার্চ,২০২৩ মাসের কার্যক্রম নিম্নরুপ-<br><br>১। ১৬/০৩/২০২৩ খ্রি. তারিখ বৃহস্পতিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>উপরোল্লিখিত ক্যাম্পের সার্বিক সফলতার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>ফেব্রুয়ারি/২০২৩ খ্রিস্টাব্দ মাসের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির অগ্রগতি নিম্নরুপঃ-<br>স্থায়ী পদ্ধতির- ০১, আইউডি- ১৪ জন, ইমপ্লান্ট- ৩৩ জন। মোট সক্ষম দম্পত্তি ২৭০৭৬ জন, গ্রহণকারী- ২০৯৮৪ জন, সিএআর- ৭৭.৫০%। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

<table>
<tr>
<td>পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন ফেব্রুয়ারি/২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্রঃ নঃ</th><th>প্রকল্পের নাম</th><th>শেয়ার</th><th>সঞ্চয়</th><th>বিতরণ</th><th>আদায়</th></tr>
<tr><td>০১</td><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>০.২৫</td><td>.৪৪</td><td>৮.৩০</td><td>৫.৩০</td></tr>
<tr><td>০২</td><td>আবর্তক</td><td>০</td><td>০.১০</td><td>০</td><td>০.৫৪</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>০</td><td>০.১৫</td><td>০</td><td>৪.০৬</td></tr>
<tr><td>০৪</td><td>পল্লী প্রগতি</td><td>০</td><td>-</td><td>০</td><td>০.০৪</td></tr>
<tr><td>০৫</td><td>মুক্তিযোদ্ধা</td><td>০</td><td>-</td><td>২.৫০</td><td>০</td></tr>
<tr><td>০৬</td><td>ইরেসপো</td><td>০</td><td>১.২০</td><td>২৬.৭০</td><td>১৩.৭৫</td></tr>
<tr><td>০৭</td><td>অপ্রধান শস্য</td><td>০</td><td>০</td><td>২.৫০</td><td>০.৪১</td></tr>
<tr><td>০৮</td><td>আদর্শ গ্রাম-২</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>০৯</td><td>এসএমই(কোভিড-১৯)</td><td>০</td><td>০.০৩</td><td>০</td><td>০.৩৪</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>০.২৫</td><td>১.২৫</td><td>৪০.০০</td><td>২৪.৪৪</td></tr>
</table>
</td>
<td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ</td>
</tr>
<tr>
<td>যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>প্রশিক্ষণ ঃ ২০২২-২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের(লক্ষ্যমাত্রা অনুযায়ী) ০২ টি ব্যাচ সম্পন্ন হয়েছে এবং ২৩ ব্যাচ প্রক্রিয়াধীন।<br>ঋণ ঃ ২০২২-২০ অর্থ বছরে- ৮,৩০,০০০/-( আট লক্ষ ত্রিশ হাজার) যুব ঋণ বিতরণ করা হয়েছে।<br>ওয়েব পোর্টাল ঃ এ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে।<br>তিনি আরো জানান যে, যুব উন্নয়ন কার্যালয়ের ভবনের কলাপসিবল গেইট অতি পুরাতন বিধায় ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে উহা মেরামত করা প্রয়োজন। নচেৎ যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল</td>
</tr>
<tr>
<td>মহিলা বিষয়ক অধিদপ্তর</td>
<td>জনাব শামীমা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। সকল ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক উঠান বৈঠক হয়েছে । নতুন ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) আবেদন এর চুড়ান্ত তালিকা অনুসারে কার্ড এবং খাদ্য বিতরণ শুরু হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচীর জুলাই/২০২২ হতে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ভাতাভোগী নির্বাচন করা হয়েছে।</td>
<td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল</td>
</tr>
<tr>
<td>দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচী চলমান আছে।</td>
<td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল।</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। যার ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকী ৫০% ইউনিয়ন WATSAN কমিটি স্থান নির্ধারণ করবেন। অনুমোদিত স্থান তালিকা অদ্য পর্যন্ত পাওয়া যায়নি। WATSAN কমিটি । সকল ইউনিয়ন WATSAN কমিটির অনুমোদিত স্থান তালিকা পাওয়া গেছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |
| বন বিভাগ | জনাব মোঃ মোজাম্মেল হক, ফরেস্টার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কোন কার্যক্রম আসেনি। নতুন কার্যক্রম অথবা বরাদ্দ পেলে আগামী মাসিক সভায় উপস্থাপন করা হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| জাতীয় মহিলা সংস্থা | উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, তাদের সংস্থায় ৪ মাসব্যাপী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষনার্থীর আসন সংখ্যা-৩০ জন। ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ২৮/০২/২০২৩ তারিখ শেষ হয়েছে। ৩য় ব্যাচের কার্যক্রম আগামী ২৩/০২/২০২৩ খ্রি. তারিখ হতে ভর্তি নেয়া হবে ও ক্লাস আরম্ভ হবে ০১/০৩/২০২৩ খ্রি. তারিখ। প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতি ভাতা- ১০০/- টাকা প্রদান করা হয়। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, ফেব্রুয়ারি/২০২৩ মাসে ডোর টু ডোর তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ৭০০ জন এবং তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ২০০ । এ মাসে উঠান বৈঠক হয়েছে- ০৪ টি।<br>উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল সভায় তার দপ্তরের উদ্যোগে এ উপজেলার ০৪ মাস ব্যাপী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষনার্থীদের মধ্যে যারা ১ম , ২য় এবং ৩য় হয়েছে তাদের প্রত্যেককে ১টি করে সেলাই মেশিন দেয়ার জন্য আবেদন করেন। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>এ উপজেলার ০৪ মাস ব্যাপী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষনার্থীদের মধ্যে যারা ১ম , ২য় এবং ৩য় হয়েছে তাদের প্রত্যেককে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১টি করে সেলাই মেশিন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সংগঠক জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল। |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, ইতিপূর্বে এ উপজেলার সকল দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েব পোর্টাল এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার সকল দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। ইহা সত্ত্বেও এখন পর্যন্ত অনেক দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করেননি। ইহা দুঃখজনক। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলার যে সকল দপ্তর এখন পর্যন্ত ওয়েব পোর্টাল হালনাগাদ করেননি সে সকল দপ্তর অতিসত্বর তাদের দপ্তরের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। | উপজেলার সকল দপ্তর প্রধান, বাবুগঞ্জ, বরিশাল |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক | জনাব হেমলাল বাইন, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, এ উপজেলায় তার আওতায় সমিতির সংখ্যা ১৪৩ টি,সদস্য সংখ্যা ৬৬৬২ জন, মোট সঞ্চয় জমা- ৩০৮.৭৯ টাকা, মোট কল্যাণ অনুদান ২৩০.৫৮ টাকা, মোট ঘূর্ণায়মান ঋণ তহবিল ৩৯৩.৯৩ টাকা, সম্পদের টাকা আদায় ৭.৪৮৭ টাকা, সর্বমোট তহবিল ১২২৮.৩২ টাকা, মোট প্রকল্প সংখ্যা ১১৫২৫ টি, মোট ঋণ বিতরণ ২৯২৪.২৪ টাকা, মোট ঋণ আদায় ২১৯১.০২ টাকা ও ঋণ স্থিতি ৮২২.৪৬ টাকা। ফেব্রুয়ারি, ২০২৩ মাসে ঋণ বিতরণ ৬৯.৪১ টাকা, ঋণ আদায় ৫৭.১৩ ও সঞ্চয় আদায় মাসে ৫.০০ টাকা। ঋণের টাকা আদায় কার্যক্রম আরো জোরদার করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল |
| বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, উপজেলা পরিষদ অডিটরিয়াম হল রুম এবং উপজেলা পরিষদ সভা কক্ষের জন্য সিলিং ফ্যান, লাইট এবং পর্দা লাগানো জরুরী হয়ে পরেছে।<br><br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ অডিটরিয়ামের সিসি ক্যামেরা ছিড়ে ইতোপূর্বে সিলিং ফ্যান চুরি করে নেয়া হয়েছে। এছাড়া প্রায় উপজেলার বিভিন্ন অফিসের মালামাল এবং টিউব ওয়েল এর মাথা চুরি হচ্ছে। এ জন্য উপজেলা পরিষদে একজন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা জরুরী হয়ে পরেছে। এ ব্যাপারে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর "ম" অনুচ্ছেদে নির্দেশনা রয়েছে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, আগামী ১৭ মার্চ/২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস। এ দিবসকে যথাযথ ভাবে পালন করার জন্য এবং আগামী ২৬ মার্চ/২০২৩ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে সরকারী ভাবে সীমিত বরাদ্দ দ্বারা এত বড় জাতীয় অনুষ্ঠান উঠানো সম্ভবপর হবে না। সভায় উক্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়। এছাড়া মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন- গৃহহীনদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘর হস্তান্তরের জন্য আগামী ২২/০৩/২০২৩ খ্রি. তারিখ নির্ধারণ করা হয়েছে। এ অনুষ্ঠান উপলক্ষ্যে সরকারী ভাবে সামান্য বরাদ্দ দ্বারা অনুষ্ঠান সম্পন্ন করা সম্ভব হবে না মর্মে জানান। সভায় এ বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ অডিটরিয়াম হল রুম এবং উপজেলা পরিষদ সভা কক্ষের জন্য সিলিং ফ্যান, লাইট এবং পর্দা লাগানোর জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর "ম" অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক পরিষদের জন্য একজন নিরাপত্তা প্রহরী নিয়োগের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আগামী ১৭ মার্চ/ ২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ৮০,০০০/- ও ২৬ মার্চ/২০২৩ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন- গৃহহীনদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘর হস্তান্তরের জন্য অনুষ্ঠানের জন্য ২৪,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে খরচের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ বরিশাল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(কাজী ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২৩- ১৭৬ (৫০)

তারিখ ঃ ২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৯। উপজেলা ......................................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

১০। চেয়ারম্যান ......................................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।

১১। জনাব.........................................................................বাবুগঞ্জ, বরিশাল।

১২। অফিস কপি।

(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।

CamScanner